গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়
বাংলাদেশ ইন্সটিটিউট অব ক্যাপিটাল মার্কেট (বিআইসিএম)
প্রশাসন বিভাগ
bicm.gov.bd

**অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে ২০২৩-২৪ অর্থবছরের ২য় অবহিতকরণ সভার কার্যবিবরণী**

---

| | |
|---|---|
| সভাপতি | নাজমুছ সালেহীন<br>পরিচালক (প্রশাসন ও অর্থ) |
| সভার তারিখ | **১২ ডিসেম্বর ২০২৩** |
| সভার সময় | **বিকাল ২:৩০ ঘটিকা** |
| স্থান | মাল্টিপারপাস হল, বিআইসিএম। |
| উপস্থিতি | সংযুক্ত |

অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা সংক্রান্ত ২০২৩-২৪ অর্থবছরের নির্দেশনা নাম্বার ১.১.১ মোতাবেক স্টেকহোল্ডারগণের সমন্বয়ে সভা আয়োজন করার বিষয়ে উল্লেখ রয়েছে। নির্দেশনা মোতাবেক যদি কোনো দপ্তর/সংস্থায় প্রথম ৫ মাসে (জুলাই-নভেম্বর) জিআরএস সিস্টেমে কোনো অভিযোগ পাওয়া না যায়, সেক্ষেত্রে প্রথম অর্ধবার্ষিকীর শেষ মাসে (ডিসেম্বর) স্টেকহোল্ডার সমন্বয়ে একটি সভা আয়োজন করতে হবে। **স্টেকহোল্ডার বলতে - নিজ অফিস ও আওতাধীন অফিসের অভ্যন্তরীণ/দাপ্তরিক/নাগরিক সেবা গ্রহণকারী যে কোনো ব্যক্তি/প্রতিষ্ঠান এবং নিজ ও আওতাধীন/সংশ্লিষ্ট মাঠ পর্যায়ের কার্যালয়সমূহ কিংবা তাদের কর্মকর্তা/কর্মচারীদের বুঝাবে।**

যেহেতু প্রথম ৫ মাসে (জুলাই-নভেম্বর) জিআরএস সিস্টেমে কোনো অভিযোগ পাওয়া যায়নি, সেক্ষেত্রে প্রথম অর্ধবার্ষিকীর শেষ মাস ডিসেম্বর ২০২৩-এ **বিআইসিএম এর কর্মচারীদের সমন্বয়ে ১২ ডিসেম্বর ২০২৩ তারিখ মঙ্গলবার বিকাল ২:৩০ ঘটিকায়** ০১টি স্টেকহোল্ডার সভা আয়োজন করা হয়েছে। সভাপতি মহোদয় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভায় নিম্নোক্ত বিষয় আলোচনা ও মতামত/সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

| ক্রমিক নং | আলোচনা | সিদ্ধান্ত/মতামত |
|---|---|---|
| ০১ | জিআরএস সিস্টেমে অভিযোগ কিভাবে করা যায়। | জিআরএস সিস্টেমে অভিযোগ কিভাবে করা যায় তা ডেপুটি হার্ডওয়্যার ইঞ্জিনিয়ার জনাব উদয় শুভ রহমান বিস্তারিত বর্ণনা করেন। তিনি জিআরএস সিস্টেমে আইডি ওপেন করে তা কর্মচারীদের কে দেখিয়ে দেন। |
| ০২ | প্রতি ০৬ মাসের মধ্যে প্রথম ০৫ মাসে কোন অভিযোগ জমা না হলে সংশ্লিষ্ট স্টেকহোল্ডারদের নিয়ে অবহিতকরণ সভা করতে হবে। | এ বিষয়ে (পরিচালক প্রশাসন ও অর্থ) মহোদয় বিস্তারিত আলোচনা করেন এবং বলেন যে, কোন মাসে অভিযোগ না থাকলে শূন্য প্রতিবেদন উর্দ্ধতন কর্তৃপক্ষের নিকট পাঠাতে হয় তবে এক্ষেত্রে শূন্য প্রতিবেদন যেন না পাঠাতে হয় সে দিকে নজর দিতে হবে তাহলে প্রতিষ্ঠানের জন্য ভালো হয়। |

| | | |
|---|---|---|
| ০৩ | কোন অভিযোগ নিষ্পত্তি না হলে কি করা ? | ৬০ দিনের মধ্যে কোন অভিযোগ নিষ্পত্তি না হলে আপিল কর্মকর্তা বরাবর আবেদন করা যাবে । |
| ০৪ | না প্রকাশ না করা শর্তে কোন অভিযোগ দেয়া যাবে কিনা। | না প্রকাশ না করা শর্তে কোন অভিযোগ দেয়া যাবে বলে সভায় অবগত করা হয়। |
| ০৫ | নিজ অফিসের আইডি দিয়ে বাহিরের অফিসে অভিযোগ দেয়া যায় কি না ? | নিজ অফিসের আইডি দিয়ে বাহিরের অফিসে অভিযোগ দেয়া যায়। |

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম শেষ করেন।

৩১-১২-২০২৩
নাজমুছ সালেহীন
পরিচালক (প্রশাসন ও অর্থ)

তারিখ: ১৬ পৌষ ১৪৩০ বঙ্গাব্দ
৩১ ডিসেম্বর ২০২৩ খ্রিস্টাব্দ

**নম্বর:** ৫৩.২২.০০০০.১০৩.৯৯.০০২.২৩.১

**বিতরণ :**

১। বিআইসিএম এর সকল কর্মচারি।

০১-০১-২০২৪
মজিবুর রহমান
সহকারী পরিচালক

**সকল সংযুক্তিসমূহ:**

(১) জিআরএস স্টেকহোল্ডার সভার উপস্থিতি 12.12.2023